



বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

www.dhakaeducationboard.gov.bd



নং-২২৭/ক/শিম/২০১২ (কলেজ)/২২৭

তারিখ: ০৪/০৬/২০২৪

## জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: শিক্ষার্থী কর্তৃক আবেদন বাতিল এবং মোবাইল নম্বর পরিবর্তন করার আবেদন সশরীরে বোর্ডে এসে করার পরিবর্তে অনলাইন এ করার ব্যবস্থা প্রসঙ্গে

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের মধ্যে যাদের আবেদন বাতিল কিংবা মোবাইল নম্বর পরিবর্তন করা প্রয়োজন, তাদের সশরীরে বোর্ডে এসে আবেদন জমা দেয়া সংক্রান্ত দুর্ভোগ লাঘবের নিমিত্তে অনলাইনে আবেদন জমা দেবার ব্যবস্থা নেয়া হয়েছে। একটি google form এর মাধ্যমে এই আবেদনগুলি দাখিল করা যাবে যার লিঙ্ক নিম্নে দেয়া হল: <https://forms.gle/i7uba2i9FAJa2ky49>। এই ফর্ম ব্যবহার করে কিভাবে আবেদন দাখিল করতে হবে তার ভিডিও টিউটোরিয়াল নিম্নের লিঙ্কে পাওয়া যাবে: <https://youtu.be/oJJBbV4MEUI>

এই ফর্মটি দাখিল করতে গেলে শিক্ষার্থীর নিজের একটি gmail account থাকতে হবে; যদি তা না থেকে থাকে, তাহলে আগে একটি তৈরি করে নিতে হবে। এই ফর্মে অন্যান্য চাহিত তথ্যাদির পাশাপাশি প্রামাণিক দলিল হিসাবে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার প্রবেশ পত্র এবং রেজিস্ট্রেশন কার্ড upload করতে হবে। আবেদন দাখিলের পর, সংশ্লিষ্ট বোর্ডের কর্মকর্তাগণ আবেদনকারির আবেদনের যথার্থতা যাচাইপূর্বক সিদ্ধান্ত নিয়ে আবেদন অনুযায়ী একাদশ শ্রেণিতে স্মার্ট ভর্তির সিস্টেম এর পোর্টালে চুকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন (উদাহরণস্বরূপ, যদি শিক্ষার্থী মোবাইল নম্বর পরিবর্তন এর আবেদন করে, তাহলে সিস্টেমে তার চাহিদা অনুযায়ী পরিবর্তন করে দিবেন)।



প্রফেসর তপন কুমার সরকার  
সভাপতি

আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

ও

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা